# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

প্রশাসন বিভাগ

সাধারণ শাখা

www.manikganjpourashava.com

স্মারক নং- মাপৌ/প্রশাঃ-সাধাঃ-২০২৫-৯৪২ তারিখঃ ৩০/০৯/২০২৫ খ্রি.

## "মানিকগঞ্জ পৌরসভার পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির ১৩ (তেরো) তম সভার কার্যবিবরণী"

সভা নম্বর : ১৩ (তেরো)

সভাপতি : জনাব শাহনাজ সুলতানা, প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা।

তারিখ : ২৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রি.

বার : রোজ সোমবার

সময় : ১২.০০ ঘটিকা

সভার স্থান : পৌরসভার সভা কক্ষ, মানিকগঞ্জ পৌরসভা।

**সভায় উপস্থিত মানিকগঞ্জ পৌরসভার পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সম্মানিত সদস্যবৃন্দ :**

০১। জনাব শাহনাজ সুলতানা, প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা।

০২। জনাব ডাঃ মোঃ খুরশীদ আলম, সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, মানিকগঞ্জ।

০৩। জনাব শাহজাহান সিরাজ, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মানিকগঞ্জ।

০৪। জনাব বিশ্বনাথ বনিক, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মানিকগঞ্জ।

০৫। জনাব এবিএম খোরশেদ আলম, নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মানিকগঞ্জ।

০৬। জনাব গাজী ফাতিমা ফেরদৌস, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মানিকগঞ্জ।

০৭। জনাব মোঃ আমীর হোসেন, জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিস, মানিকগঞ্জ।

০৮। জনাব গকুল চন্দ্র দেবনাথ, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, মানিকগঞ্জ।

০৯। জনাব পারভীন বেগম, প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, মানিকগঞ্জ।

সভার প্রারম্ভে মানিকগঞ্জ পৌরসভার পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির অদ্যকার সভায় উপস্থিত সদস্যবৃন্দদেরকে শুভেচ্ছা জ্ঞাপন এবং পৌর নির্বাহী কর্মকর্তাকে আলোচ্য সূচি উপস্থাপনের আহ্বান জানানো হয়।

| ক্রম | **আলোচ্য সূচী :** |
|---|---|
| ০১ | **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :**<br>**আলোচনা :-** সভায় পৌর নির্বাহী কর্মকর্তা পূর্ববর্তী ২৬/০৮/২০২৫ খ্রি. তারিখের পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সভার কার্যবিবরণী উপস্থিত সকলের উদ্দেশ্যে পাঠ করে শোনান এবং কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। বিস্তারিত আলোচনান্তে পূর্ববর্তী ২৬/০৮/২০২৫ খ্রি. তারিখের পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সভার কার্যবিবরণী আলোচ্য সূচি বিবিধ : ০৪ : এ মানিকগঞ্জ পৌরসভার শুন্য পদের বিপরীতে লোকবল নিয়োগের লক্ষ্যে ছাড় পত্র চাহিয়া স্থানীয় সরকার বিভাগে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সভার এজেন্ডা ভুক্ত না থাকায় পৌরসভার শূন্য পদের বিপরীতে লোকবল নিয়োগের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে ছাড়পত্র চেয়ে পত্র প্রদানের সিদ্ধান্তটি আপাতত স্থগিত রাখার জন্য সভার সম্মানিত সদস্যগণ মতামত পেষ করেন। এছাড়াও বিগত ২৯ জুলাই ২০২৫ খ্রি.তারিখে পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির ১১ তম সভার কার্যবিবরণীতে বিবিধ : ০১ : এপৌরসভার অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত/স্থাপনা নকশা অনুমোদন সভার সম্মানী ভাতা প্রতি সদস্যকে ৫০০০/- টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। স্থানীয় সরকার বিভাগ থেকে যে কোন সভার সর্বোচ্চ ৩,০০০/- হাজার টাকা সম্মানী ভাতা নির্ধারণ করা আছে। এমতাবস্থায় স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা অনুসরণ করে সভার সদস্যদের সম্মানী ভাতা প্রদানের বিষয়ে সদস্যগণ মতামত প্রদান করেন। |
| | **সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে (১) বিগত ২৯/০৮/২০২৫ খ্রি. তারিখের পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির ১২তম সভায় সিদ্ধান্ত আপাতত স্থগিত রাখার এবং যেহেতু দীর্ঘদিন যাবত পৌরসভার অনেকগুলো স্থায়ী পদ শূন্য রয়েছে সেহেতু জরুরী কার্যক্রম সম্পাদনে স্থবিরতা দেখা দিচ্ছে। |

Shahnaz

প্রশাসক

মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

এমতাবস্থায় স্থানীয় সরকার বিভাগে ছাড়পত্রের কার্যক্রম ও নিয়োগের বিষয়টি পরবর্তী সভায় পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সম্মানিত সদস্যগণের সাথে বিস্তারিত আলোচনার পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

(২) ১১ তম সভার কার্যবিবরণীতে বিবিধ : ০১ : পৌরসভার অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত/স্থাপনার নকশা অনুমোদন সভার সম্মানী ভাতা বাবদ প্রতি সভায় প্রতিজন সদস্যকে ধার্যকৃত ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার পরিবর্তে ৩,০০০/- (তিন হাজার) টাকা সম্মানী ভাতা প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

(৩) পৌরসভার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও টেন্ডার আহ্বান প্রক্রিয়া পৌরসভা কর্ম সম্পাদন সহায়তা কমিটির সভায় উপস্থাপন ও আলোচনা করে বাস্তবায়ন করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো এবং বিগত ২৬/০৮/২০২৫ খ্রি. তারিখের পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সভার কার্যবিবরণীর অন্যান্য বিষয় পরিবর্তন ও সংশোধন না থাকায় পঠিত সভার কার্যবিবরণীর সংশোধন সহ অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**বাস্তবায়নে :** পৌর নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা।

০২ **রাজস্ব আয় বৃদ্ধি সংক্রান্ত:**

**আলোচনা :** সভায় পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, ইতোমধ্যে মানিকগঞ্জ পৌরসভার ২০২৫-২০২৬ অর্থ বছরের অনুমোদিত প্রস্তাবিত বাজেট অনুযায়ী ট্রেড লাইসেন্স, ট্যাক্স, টোল ও অন্যান্য প্রশাসনিক কার্যক্রম ১লা জুলাই হতে শুরু হয়েছে। এ প্রেক্ষিতে সকল বিভাগ ও শাখা প্রধানদেরকে মাসিক টার্গেট নিরুপন পূর্বক বাজেট বাস্তবায়নের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে। পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

**সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে সকল বিভাগ ও শাখা প্রধানদেরকে প্রস্তাবিত বাজেট ও কর প্রস্তাব অনুযায়ী মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক ও বার্ষিক টার্গেট নিরুপন পূর্বক ট্রেড, ট্যাক্স, টোল, রেইট আদায় সহ অন্যান্য প্রশাসনিক কার্যক্রম দ্রুততার সহিত পালন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**বাস্তবায়নে :** পৌর নির্বাহী কর্মকর্তা ও সকল শাখা প্রধান, মানিকগঞ্জ পৌরসভা।

০৩ **গৃহীত উন্নয়ন মূলক প্রকল্প অবহিত করণ :**

আলোচনা : নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা- ২০২৪-২০২৫ অর্থ বছরে গৃহীত প্রকল্পের সার সংক্ষেপ সভায় উপস্থাপন করেন (যা সংযুক্ত)। উক্ত উপস্থাপিত গৃহীত প্রকল্পের বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

**সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বছরে গৃহীত প্রকল্প দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

**বাস্তবায়নে :** নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা।

০৪ **আগষ্ট, ২০২৫ এর হিসাব বিবরণী উপস্থাপন ও অনুমোদন :**

**আলোচনা :-** সভায় পৌর নির্বাহী কর্মকর্তা আগষ্ট/২০২৫ মাসের পৌরসভার রাজস্ব খাতে আয় ব্যয়ের হিসাব বিবরণী উপস্থাপন করেন। রাজস্ব খাতে প্রারম্ভিক জের সহ আয় হয়েছে ৬,১৯,৬৭,১৬৬.৩৩ (ছয় কোটি উনিশ লক্ষ সাতষট্টি হাজারি একশত ছেষট্টি টাকা তেত্রিশ পয়সা) টাকা মাত্র ও ব্যয় হয়েছে ২,৩৬,৩৪,৭৫৯.০০ ( দুই কোটি ছত্রিশ লক্ষ চৌত্রিশ হাজার সাতশত উনষাট) টাকা মাত্র। সমাপনী জের ৩,৮৩,৩২,৪০৭.৩৩ (তিন কোটি তিরাশি লক্ষ বত্রিশ হাজার চারশত সাত টাকা তেত্রিশ পয়সা) টাকা মাত্র। তিনি আরো জানান যে, পৌর পানি সরবরাহ শাখায় আগষ্ট/২০২৫ মাসে প্রারম্ভিক জের সহ আয় হয়েছে ৮৫,৮২,৯৫৭.৮০ (পঁচাশি লক্ষ বিরাশি হাজার নয়শত সাতান্ন) টাকা ও ব্যয় হয়েছে ৫১,৭১,৮৮১.০০ (একান্ন লক্ষ একাত্তর হাজার আটশত একাশি) টাকা মাত্র। সমাপনী জের ৩৪,১১,০৭৬.৮০ (চৌত্রিশ লক্ষ এগারো হাজার ছিয়াত্তর টাকা আশি পয়সা) টাকা মাত্র। উপরোক্ত উপস্থাপিত হিসাব বিবরণী সমূহের বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

Shahnaz
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

| | |
|---|---|
| | **সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে আগষ্ট/২০২৫ মাসের পৌরসভার উপস্থাপিত আয় ব্যয়ের হিসাব বিবরণী অনুমোদন দেওয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। |
| | **বাস্তবায়নে :** পৌর নির্বাহী কর্মকর্তা,মানিকগঞ্জ পৌরসভা। |
| ০৫ | **জেলা উন্নয়ন সমন্বয়, জেলা আইন শৃঙ্খলা ও পৌরসভার বিভিন্ন কমিটির সুপারিশ পর্যালোচনা :**<br>**আলোচনা :-** পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় পরিস্থিতি বিবেচনায় অসৎ উদ্দেশ্যে কেউ যেন ডাম্পিং গ্রাউন্ড এর কাজে বাধাগ্রস্থ করতে না পারে সে জন্য আইনি পদক্ষেপ করতে হবে। বিষয়টি উক্ত সভায় উপস্থাপন ও সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। |
| | **সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে মানিকগঞ্জ পৌরসভার বর্তমানে ডাম্পিং গ্রাউন্ডের কাজে কোন বাধা নেই। পরবর্তীতে বাধা দেওয়া হলে আইনি পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| | **বাস্তবায়নে :** পৌর নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা। |
| ০৬ | **জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত** :<br>**আলোচনা :-** পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, ০-৪৫ দিনের মধ্যে সকল শিশুর জন্ম নিবন্ধন নিশ্চিত করার জন্য জন্ম নিবন্ধন অধিদপ্তর কর্তৃক টার্গেট নির্ণয় করে দেওয়ার বিষয়ে অদ্য ২৯ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. তারিখে শহর সমন্বয় কমিটির সভায় বিস্তারিত আলোচনায় প্রতিটি স্থায়ী কমিটি, ওয়ার্ড কমিটি, শহর সমন্বয় কমিটি ও অন্যান্য সভা সমাবেশে জন্ম নিবন্ধন বিষয়ে আলোচনা করে দেয়া টার্গেট পূরণ করার সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাওয়ার সুপারিশ সহ টার্গেট বেশী হওয়ায় টার্গেট কমানোর বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরকে অবহিত করার সুপারিশ হয়। পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সদস্যগণ বলেন, ০-৪৫ দিনের মধ্যে সকল শিশুর জন্ম নিবন্ধন নিশ্চিত করার লক্ষ্যে আমরা আমাদের যারযার দপ্তর হতে জনগণকে সচেতন করার জন্য উদ্যোগ গহণ করবো এবং পৌরসভার স্বাস্থ্য শাখায় নিয়োজিত কর্মচারীদের আরো তৎপর হয়ে জন্ম নিবন্ধন অধিদপ্তর কর্তৃক টার্গেট পুরণে সচেষ্ট হতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। |
| | **সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে প্রতিটি স্থায়ী কমিটি, ওয়ার্ড কমিটি, শহর সমন্বয় কমিটি ও অন্যান্য সভা সমাবেশে জন্ম নিবন্ধন বিষয়ে আলোচনা করে দেয়া টার্গেট পূরণ করার সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাওয়ার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো এবং স্বাস্থ্য শাখায় নিয়োজিত কর্মচারীদের আরো নিষ্ঠার সহিত তাদের নিজ নিজ দায়িত্ব পালনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| | **বাস্তবায়নে :** পৌর নির্বাহী কর্মকর্তা, সমাজ উন্নয়ন কর্মকর্তা ও স্যানেটারী ইন্সপেক্টর, মানিকগঞ্জ পৌরসভা। |
| ০৭ | **ডেঙ্গু নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ গ্রহণ সংক্রান্ত :**<br>**আলোচনা :-** পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, "ডেঙ্গু অদ্য ২৯/০৯/২০২৫ খ্রি. তারিখে শহর সমন্বয় কমিটির সভায় ডেঙ্গু প্রতিরোধে পৌর এলাকায় পুনরায় মাইকিং সহ সমাবেশ/নাটক নাটিকার মাধ্যমে জন-সাধারণকে সচেতন করে তোলা এবং পৌরসভার মাধ্যমে নিয়মিত পরিস্কার পরিচ্ছন্নতা ও মশার ঔষধ ফগার মেশিনের মাধ্যমে স্প্রে কার্যক্রম বৃদ্ধির সুপারিশ গৃহীত হয়। এ বিষয়ে পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন। |
| | **সিদ্ধান্ত :** বিস্তারিত আলেচনান্তে ডেঙ্গু নিয়ন্ত্রণে পুনরায় মাইকিং সহ সমাবেশ/নাটক নাটিকার মাধ্যমে জন-সাধারণকে সচেতন করে তোলার ও পৌরসভার মাধ্যমে পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান জোরদার করা ও নিয়মিত মশার ঔষধ ছিটানোর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| | **বাস্তবায়নে :** পৌর নির্বাহী কর্মকর্তা ও কঞ্জারভেন্সী ইন্সপেক্টর, মানিকগঞ্জ পৌরসভা। |

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

| | |
|---|---|
| ০৮ | **২০২৫-২০২৬ হ্যালো বাইক ও অটোরিক্সার লাইসেন্স প্রদান প্রসঙ্গে :-**<br>**আলোচনাঃ-** পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বিগত ০৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.তারিখ পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সভায় ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য ৪টি শর্ত সাপেক্ষে হ্যালোবাইক সংক্রান্ত মোকদ্দমার রায়ের নির্দেশনা মোতাবেক মানিকগঞ্জ পৌরসভায় ১৩০০ (এক হাজার তিনশত) টি হ্যালোবাইকের নতুন লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছিল। কিন্তু পরবর্তীতে অনিবার্য কারণ বশত: কোন নতুন লাইসেন্স প্রদান করা হয়নি। অদ্য ২৯/০৯/২০২৫ খ্রি. তারিখ শহর সমন্বয় কমিটির সভায় ২০২৫-২০২৬ অর্থ বছরের হ্যালো বাইক ও অটোরিক্সার লাইসেন্স প্রদান বিষয়টি উপস্থাপিত হয়েছে এবং বিস্তারিত আলোচনা হয়েছে। আইনী ভাবে হ্যালোবাইকের লাইসেন্স প্রদান করা সম্ভব না হওয়া পর্যন্ত হ্যালোবাইক ও অটোরিক্সার লাইসেন্স না দেওয়ার সুপারিশ গৃহীত হয়েছে। প্রশাসক মহোদয়কে পুলিশ বিভাগের সহিত মৌখিক আলোচনা পূর্বক হ্যালোবাইক ও অটোরিক্সা আটক করিয়া যাহাতে হয়রানী না করে তার জন্য অনুরোধ জানানোর সুপারিশ গৃহীত হয়েছে। এ বিষয়ে উপস্থিত পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন। |
| | **সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে আইনী ভাবে হ্যালোবাইক ও অটোরিক্সার লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত পৌরসভা হতে লাইসেন্স না দেওয়ার সিদ্ধান্ত সর্বস্মতিক্রমে গৃহীত হয়। বর্তমান অবস্থায় প্রশাসক মহোদয়কে পুলিশ বিভাগের সহিত আলোচনা করে যাতে হ্যালোবাইক ও অটোরিক্সা চালাতে পারে তার প্রয়োজনীয় সুপারিশের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| | **বাস্তবায়নে :** প্রশাসক, পৌর নির্বাহী কর্মকর্তা ও লাইসেন্স ইন্সপেক্টর, মানিকগঞ্জ পৌরসভা। |
| ০৯ | **মানিকগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়ের খেলার মাঠ (বিজয় মেলার মাঠ) সংস্কার সহ দূর্গা পূজা, ২০২৫ উপলক্ষ্যে পরিস্কার পরিচ্ছন্নতা, বিভিন্ন রাস্তা সংস্কার ও লাইটিং করণ কাজ বাস্তবায়ন ও ব্যয় সংক্রান্ত :**<br>**আলোচনা :-** নির্বাহী প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, মানিকগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়ের খেলার মাঠ (বিজয় মেলার মাঠ) সংস্কার সহ দূর্গা পূজা, ২০২৫ উপলক্ষ্যে পরিস্কার পরিচ্ছন্নতা, বিভিন্ন রাস্তা সংস্কার ও লাইটিং করণ কাজ বাস্তবায়ন করা প্রয়োজন। কাজ সমূহ বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। |
| | **সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে মানিকগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়ের খেলার মাঠ (বিজয় মেলার মাঠ) সংস্কার সহ দূর্গা পূজা, ২০২৫ উদযাপন উপলক্ষ্যে পরিস্কার পরিচ্ছন্নতা, বিভিন্ন রাস্তা সংস্কার ও লাইটিং করণ কাজ প্রাক্কলন প্রস্তুত করত: পিপিআর-২০২৮ অনুসরণ পূর্বক বাস্তবায়ন করার সিদ্ধান্ত সর্বসম্মতি ক্রমে গৃহীত হলো এবং পৌরসভার রাজস্ব তহবিল হতে বিল প্রদানের সিদ্ধান্ত সর্বস্মতিক্রমে গৃহীত হয়। |
| | **বাস্তবায়নে :** নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা। |
| ১০ | **পরিচ্ছন্নতা শাখায় লেবার (চুক্তিভিত্তিক) নিয়োগ সংক্রান্ত আলোচনা :**<br>**আলোচনাঃ-** পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, মানিকগঞ্জ পৌরসভায় পরিচ্ছন্নতা শাখায় প্রয়োজনীয় সংখ্যক লেবার না থাকাতে পরিচ্ছন্নতা শাখার কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। তাই বেশ কিছু লেবার নিয়োগ দেওয়া প্রয়োজন। এ বিষয়ে প্রশাসক মহোদয় পৌর নির্বাহী কর্মকর্তার নিকট পরিচ্ছন্নতা শাখায় বর্তমানে নিয়োজিত কর্মচারীদের একটি তথ্য উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। সার্বিক দিক বিচার বিশ্লেষণে পৌরসভায় পরিচ্ছন্নতা শাখায় লোকবল নিয়োগের বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। |
| | **সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে পরিচ্ছন্নতা শাখায় বর্তমানে নিয়োজিত লোকবলের তথ্য প্রশাসকের নিকট উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| | **বাস্তবায়নে :** পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা। |
| ১১ | **মানিকগঞ্জ পৌরসভায় একজন মেডিকেল অফিসার পদায়ন সংক্রান্ত :**<br>**আলোচনাঃ-** পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, মানিকগঞ্জ পৌরসভা রাজধানী ঢাকার সন্নিকটে ৪২.৪৩ বর্গ কিলোমিটার এরিয়ার একটি বৃহৎ প্রথম শ্রেণীর জনবহুল পৌরসভা। মানিকগঞ্জ পৌরসভায় প্রায় এক লক্ষ লোকের বসবাস। মানিকগঞ্জ পৌরসভার স্বাস্থ্য শাখার মাধ্যমে জন্ম ও মৃত্যু নিবন্ধন, ভিটামিন এ- ক্যাপসুল খাওয়ানো সহ সরকার নির্ধারিত বিভিন্ন ধরনের টিকা প্রদান ও প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান কার্যক্রম |

Shahnaz
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

অব্যাহত আছে। স্বাস্থ্য শাখার মাধ্যমে পৌরবাসীর স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে একজন মেডিকেল অফিসার পৌরসভায় পদায়ন করা বিশেষ প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

**সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে মানিকগঞ্জ পৌরসভায় একজন মেডিকেল অফিসার পদায়ন করার বিষয়ে সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবরে পত্র প্রদানের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে :** পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা।

১২ **বিবিধ : (১) লোকাল গভর্নমেন্ট কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকভারি প্রজেক্ট (এলজিসিআরআরপি) এর আওতায় প্রকল্প গ্রহণ সংক্রান্ত :**

**আলোচনা :-** নির্বাহী প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, ইতো পূর্বে লোকাল গভর্নমেন্ট কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকভারি প্রজেক্ট (এলজিসিআরআরপি) এর আওতায় প্রকল্প হতে সর্বমোট ৭,৭৫,১০,৬৯৯/- ( সাত কোটি পঁচাত্তুর লক্ষ দশ হাজার ছয়শত নিরানব্বই) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে এবং উক্ত টাকার বিপরীতে প্রকল্প গ্রহণ পূর্বক বাস্তবায়ন করা হচ্ছে। উক্ত কাজের মধ্যে ৬ টি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে এবং ০২ টি প্যাকেজের কাজ চলমান আছে। প্যাকেজ নং ০৯ এর কাজটি ঠিকাদার না করায় চুক্তিপত্র বাতিল করা হয়েছে এবং পুনরায় দরপত্র আহবানের জন্য সিদ্ধান্ত হয়েছে। ২ টি প্রকল্পে কাজ চলমান আছে। মানিকগঞ্জ পৌরসভা তুলনামূলক ভাবে নিচু এলাকা হওয়াতে একটু বৃষ্টি হলেই জলাবদ্ধতার সৃষ্টি হয়। অন্যান্য বৎসরের তুলনায় এ বৎসর বৃষ্টির পরিমাণ বেশি হওয়াতে পৌর এলাকার বিভিন্ন রাস্তাঘাট ক্ষতিগ্রস্থ হয়েছে। তাই বর্তমান পরিস্থিতিতে পৌর এলাকার জনগণের চাহিদার প্রেক্ষিতে গুরুত্বের দিক বিবেচনায় লোকাল গভর্নমেন্ট কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকভারি প্রজেক্ট (এলজিসিআরআরপি) এর প্রকল্পের প্রকল্প পরিচালকের সহিত আলোচনা হয়েছে। প্রকল্প পরিচালক জরুরী ভিত্তিতে আরো কিছু প্রকল্প তার দপ্তরে প্রেরণের জন্য মৌখিক আহবান জানিয়েছেন। তৎপরিপ্রেক্ষিতে স্থানীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি ও জেলা প্রশাসকের সহিত আলোচনা ক্রমে গুরুত্বের দিক বিবেচনায় লোকাল গভর্নমেন্ট কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকভারি প্রজেক্ট (এলজিসিআরআরপি) এর প্রকল্পের বিশেষ বরাদ্দের আওতায় নিম্নলিখিত ১০(দশ) টি প্রকল্প বাস্তবায়ন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রকল্প সমূহ সভায় উপস্থাপন করা হলো। উপস্থাপিত প্রকল্প বাস্তবায়নের বিষয়ে উপিস্থিত কর্মসম্পাদন সহায়তা কমিটির সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন।

| ক্র:ম | Local Government COVID-19 Response and Recovery Project (LGCRRP) এর বিশেষ বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্পের বিবরণ :- |
|---|---|
| 01 | Construction of Uni-Block Paver Road starting from Shohid Titumir academy to east side Khal near Jalkhola bridge via Makka Store (ch. 00-560m). |
| 02 | Construction of RCC Drain starting from Shohid Titumir academy to east side Khal near Jalkhola bridge via Makka Store (Ch. 00-560m), Ward No. 06. |
| 03 | Construction of RCC Drain starting from Beautha Baribadh to West Dashora khal via Beautha Primary School via Goyjuddin more and H/O Poran Commissioner (ch. 00-900m.). |
| 04 | Construction of RCC Drain starting from Dhaka-Aricha Road to Joyra Khal Under Manikganj Pourashava. |
| 05 | Construction of HBB road West Dashora Lanch Ghat from H/O Anower to H/O Dr. Jakir. |
| 06 | Construction of RCC Drain starting from Bandutia main road near H/O Reza to H/O Afser. |
| 07 | Construction of RCC Road starting from Bandutia main road near H/O Reza to H/O Afser. |
| 08 | Construction of RCC Drain starting from South Seauta H/O Monnaf Master to H/O Rony mantion. |
| 09 | Construction of RCC Drain of Uchutia starting from Dhaka-Aricha Mollah Bazar up to Uchutia khal under Manikganj. |
| 10 | Construction of Box culvert at Siddique Nagaar Katakhali under Manikgaj Pourashava. |

Shahnaz



প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

| | |
|---|---|
| | **সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ১০(দশ) টি প্রকল্প লোকাল গভর্নমেন্ট কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকভারি প্রজেক্ট (এলজিসিআরআরপি) এর বিশেষ বরাদ্দের আওতায় অনুমোদনের জন্য পর্যায়ক্রমে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক বরাবরে প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| | **বাস্তবায়নে :** নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা। |

পরিশেষে অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

Shahnaz 30/৯/2025

(শাহনাজ সুলতানা)
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

শাহনাজ সুলতানা
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
উপ-পরিচালক (উপসচিব)
স্থানীয় সরকার, মানিকগঞ্জ।

স্মারক নং- মাপৌ/প্রশাঃ-সাধাঃ-২০২৫-৯৪২

তারিখঃ ৩০/০৯/২০২৫ খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :-**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
০৩। জনাব.........................................................................পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সদস্য (সকল), মানিকগঞ্জ পৌরসভা।
০৪। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা।
০৫। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা।
০৬। জনাব..............................................পদবি.............................শাখা.............................. মানিকগঞ্জ পৌরসভা।
০৭। প্রধান সহকারী, মানিকগঞ্জ পৌরসভাকে সংশ্লিষ্ট কার্যবিবরণী পৌরসভার নিজস্ব ওয়েব সাইটের নোটিশ বোর্ডে প্রকাশের জন্য বলা হলো।
০৮। সংশ্লিষ্ট নথি।

Shahnaz 30/৯/2025

শাহনাজ সুলতানা
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।
ও
উপ-পরিচালক (উপসচিব)
স্থানীয় সরকার, মানিকগঞ্জ।